**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21–06–2024**
**Time: 07:57-08:09 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) সারাদেশে আজ বিশেষ উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হয় ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতবর্ষের পরম্পরা-যোগ' কে বিশ্বের দরবারে প্রতিষ্ঠিত করেছেন ।**

**(৩) কেন্দ্রীয় নারী ও শিশু উন্নয়ন প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর নারীর ক্ষমতায়নের বিষয়ে ১০০ দিনের বিশেষ সচেতনতামূলক প্রচারের সূচনা করেন ।**

**(৪) রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপের খেলায় আজ মোহনপুর জয়লাভ করেছে ।**

**********************************************

**Yoga-PM :**

সারাদেশে আজ বিশেষ উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হয়। এবার মূল অনুষ্ঠানটি হয় শ্রীনগরের শের-ই-কাশ্মীর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই অনুষ্ঠানে যোগ অনুশীলন করেন। ডাললেকের

তীরে এই বিশেষ অনুষ্ঠানে সমাজের বিভিন্ন স্তরের জনগণও উপস্থিত থেকে যোগাভ্যাস করেন।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী দেশবাসী ও বিশ্বের বিভিন্ন প্রান্তে যোগ দিবসে অংশগ্রহণকারী জনগণকে শুভেচ্ছা জানিয়ে বলেন, বিগত ১০ বছরে যোগের প্রসার যোগব্যায়াম সম্পর্কিত ধারণাকে বদলে দিয়েছে। এখন ভারতে ঋষিকেশ এবং কাশী থেকে কেরল, যোগ পর্যটনের একটি নতুন সংযোগ দেখা যাচ্ছে। সারা বিশ্ব থেকে পর্যটকরা ভারতে আসছেন, কারণ তারা ভারতে নিখুঁত যোগব্যায়াম শিখতে চায়।

*********************************

**Yoga-President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আন্তর্জাতিক যোগ দিবসে এক বার্তায় বলেন, মানবতার স্বার্থে ভারতের অনন্য উপহার যোগ। সমগ্র দেশবাসীর মতো রাষ্ট্রপতিও আজ যোগ অনুশীলন করেছেন। রাষ্ট্রপতি ভবনে এই যোগ অনুশীলনের আয়োজন করা হয়।

*****************************

**10th International Yoga Day-State :**

'নিজের জন্য ও সমাজের জন্য যোগ' এই ভাবনায় আজ দশম আন্তর্জাতিক যোগ দিবস রাজ্যের জেলা ও মহকুমাগুলিতে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে উদযাপন করা হয়। দশম আন্তর্জাতিক যোগ দিবস রাজ্যে ব্যাপক উৎসাহে উদযাপিত হয়েছে। রাজ্যের মূল অনুষ্ঠানটি হয় রাজধানীর হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে। অনুষ্ঠানের সূচনা করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। পরে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, যোগ আমাদের দেশের

পরম্পরা। বহু যুগ ধরে এর চর্চা আমাদের দেশে হয়ে আসছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই পরম্পরাকে বিশ্বের দরবারে প্রতিষ্ঠিত করেছেন। ফলে দশ বছর ধরে গোটা বিশ্বে আজকের দিনটি আন্তর্জাতিক যোগ দিবস হিসেবে পালিত হচ্ছে। তিনি আরো বলেন, শুধু একদিনের জন্য যোগ চর্চা করলে হবে না। সুস্থ দেহ-মনের জন্য প্রতিদিন এর চর্চা করে যেতে হবে। অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, সমবায় মন্ত্রী শুক্লা চরণ নোয়াতিয়া, রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার, মুখ্যসচিব জে কে সিনহা প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে মুখ্যমন্ত্রী সহ অতিথিরা সমবেত যোগ চর্চায় অংশ নেন। এতে প্রায় দুই হাজার যোগা প্রেমী খেলোয়াড়, কোচ, কর্মকর্তা সহ সমাজের বিভিন্ন অংশের নাগরিকরা সামিল হন।

উত্তর ত্রিপুরা জেলায় যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উদ্যোগে এবং ধর্মনগর পুরপরিষদের সহযোগিতায় বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবন প্রাঙ্গণে দশম আন্তর্জাতিক যোগ দিবসের জেলাভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন অনুষ্ঠানের উদ্বোধন করেন।

****************************

**Yoga-Governor :**

আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে আজ আগরতলায় আসাম রাইফেলস পাবলিক স্কুল ও আসাম রাইফেলসের ১৮ সেক্টরের যৌথ উদ্যোগে যোগ ব্যায়াম কর্মসূচি অনুষ্ঠিত হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু এই কর্মসূচির সূচনা করেন। রাজ্যপাল সবাইকে যোগ ব্যায়ামের অনুশীলন করার আহ্বান জানান।

****************************

**10th International Yoga Day-State :**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং মোহনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে মহকুমার তুলাবাগানস্থিত কৃষ্ণমন্দিরে মোহনপুর মহকুমাভিত্তিক আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীণা দেববর্মা, পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ।

জম্পুইজলা মহকুমাতেও আজ আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হয়েছে। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক বিশ্বজিৎ কলই।

কমলপুর টাউনহল প্রাঙ্গণে আন্তর্জাতিক যোগ দিবস অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক মনোজ কান্তি দেব।

গোমতী জেলার কাকড়াবন ডায়েট কলেজে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হয়। গোমতী জেলা প্রশাসন এবং জেলা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক অভিষেক দেবরায়।

অমরপুর চন্ডীবাড়ি সংলগ্ন মাঠে অমরপুর মহকুমাভিত্তিক আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হয়। মহকুমা প্রশাসন এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিৎ দাস।

শান্তিরবাজার মহকুমাভিত্তিক আন্তর্জাতিক যোগ দিবস অনুষ্ঠানের আয়োজন করা হয় শান্তিরবাজারের মডেল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সমবেত যোগা প্রদর্শনীতে অংশ নেয়।

সাব্রুমের ফেনি নদীর উপর ভারত-বাংলাদেশ মৈত্রী সেতুতে যোগ প্রদর্শনে অংশগ্রহণ করেন সীমান্ত রক্ষী বাহিনীর ৯৬ নম্বর ব্যাটেলিয়নের জওয়ানরা। বিএসএফের ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি প্যাটেল পীযুষ পুরুষোত্তম দাস, উদয়পুর সেক্টরের ডিআইজি অনিল শর্মা প্রমুখ সেখানে যোগ প্রদর্শনে অংশগ্রহণ করেন।

আন্তর্জাতিক যোগ দিবসের সিপাহীজলা জেলাভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয় চড়িলাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক কিশোর বর্মন, অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার ও পুলিশ সুপার বি জে রেড্ডি প্রমূখ। এ অনুষ্ঠানে জেলার বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী এবং উপস্থিত অতিথিগণ যোগ ব্যায়ামে অংশগ্রহণ করেন।

---

**100 day outreach campaign :**

কেন্দ্রীয় নারী ও শিশু উন্নয়ন প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর আজ নতুন দিল্লিতে নারীর ক্ষমতায়নের বিষয়ে ১০০ দিনের বিশেষ সচেতনতামূলক প্রচারের সূচনা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে অধিবেশনে ভাষণ দিতে গিয়ে শ্রীমতি ঠাকুর বলেন, অনেকগুলি প্রকল্প থাকা সত্ত্বেও সচেতনতা এবং তথ্যের অভাবের কারণে মহিলারা প্রায়শই সুবিধাগুলি পেতে ব্যর্থ হন। আউটরিচ প্রোগ্রামটি বিশেষভাবে ব্লক স্তরের আশা এবং অঙ্গনওয়াড়ি কর্মীদের প্রশিক্ষণের জন্য প্রনয়ন করা হয়েছে।

*******************************

**Media Workshop :**

নতুন তিনটি ফৌজদারি আইন সম্পর্কে আজ নরসিংগড়ে ত্রিপুরা জুডিশিয়াল একাডেমিতে পিআইবির উদ্যোগে মিডিয়া কর্মশালায় অনুষ্ঠিত হয়। কর্মশালায় রাজ্যের অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে বলেন, আগামী পয়লা জুলাই ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এই তিনটি নতুন ফৌজদারি আইন বলবৎ হতে চলেছে। রাজ্য পুলিশের ইন্টিলিজেন্স বিভাগের মহানির্দেশক অনুরাগ নতুন তিনটি ফৌজদারি আইনের মুখ্য দিকগুলি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, নতুন আইনে দেশের যে কোন প্রান্ত থেকে জিরো এফআইআর করার সুবিধা পাওয়া যাবে। এফআইআর করতে থানায় না গিয়েও ইমল অথবা ইলেকট্রনিক পদ্ধতিতে এফআইআর করা যাবে। শ্রী অনুরাগ জানান, নতুন মামলার প্রক্রিয়া দ্রুত শেষ করা যাবে। এমনকি পলাতক অভিযুক্তদেরও সাজা ঘোষণা করতে পারবে আদালত। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী বলেন, নতুন তিন আইনে বেশকিছু ভাল পরিবর্তন করা হয়েছে। জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য যোগেশ প্রতাপ সিং ভাষণে বলেন, ব্রিটিশ আমলের আইন এখন পরিবর্তন হচ্ছে। জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ডঃ নচিকেতা মিত্তল নতুন তিন আইনের সুবিধা সম্পর্কে অবহিত করেন। স্বাগত ভাষণ দেন পিআইবি-র উপ-অধিকর্তা শুভাশিস চন্দ। পিআইবির উদ্যোগে আয়োজিত এই কর্মশালায় সহযোগিতায় ছিল রাজ্য আইনসেবা কর্তৃপক্ষ, ত্রিপুরা জুডিশিয়াল একাডেমি, জাতীয় আইন বিশ্ববিদ্যালয় ও সরকারি আইন কলেজ।

*****************************

**Yoga Day/KAILASHAHAR :**

আন্তর্জাতিক যোগ দিবসে আজ ঊনকোটি জেলা সদর কৈলাশহরে এক বর্ণময় শোভাযাত্রার আয়োজন করা হয়। জেলাভিত্তিক যোগা প্রদর্শন হয়, কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গনে। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, সহকারী সভাধিপতি শ্যামল দাশ, জেলা শাসক দিলীপ কুমার চাকমা প্রমুখ। চন্ডীপুর ব্লক কার্যালয় সংলগ্ন অমৃত সরোবরের লাগোয়া স্থানে যোগ দিবস পালন করা হয়। ব্লক প্রশাসন ও ভারত সরকারের সেন্ট্রাল বুরো অফ কমিউনিকেশন যৌথভাবে কর্মসূচির আয়োজন করে। বক্তব্য রাখেন, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির ভাইস-চেয়ারম্যান সন্দীপ কুর্মি, ক্ষেত্র প্রচার আধিকারিক এইচ,কে,চেঙ।

*****************************

**Yoga-N.S.R.C.C :**

N.S.R.C.C-তে প্রদেশ যুব মোর্চা আয়োজিত আন্তর্জাতিক যোগ দিবস অনুষ্ঠানের সূচনা করেন তপশিলি জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলনে বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য।

************************

**10th International Yoga Day-State :**

বিলোনিয়ার বি কে আই মাঠে আন্তর্জাতিক যোগ দিবসের দক্ষিণ জেলা ভিত্তিক অনুষ্ঠানে জেলার আটটি স্কুলের ছাত্রছাত্রীরা যোগ ব্যায়ামে অংশগ্রহণ করে। অনুষ্ঠানের উপস্থিত ছিলেন দক্ষিণ

জেলার জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, বিলোনিয়াপুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ প্রমূখ।

****************************

**Yoga-TSR :**

আজ আর কে নগরে টিএসআর-এর দ্বিতীয় ব্যাটেলিয়ানের উদ্যোগে যোগ দিবস উদযাপন করা হয়। এতে রামা রাও ট্রেনিং সেন্টার এবং দ্বিতীয় ব্যাটালিয়ান এর জওয়ান ও আধিকারিকরা অংশ নেন। তাছাড়া দিল্লির ওয়াজিরাবাদ পি টি এস এ অবস্থিত টি এস আর দ্বিতীয় ব্যাটালিয়নের ইউনিটে ও আজ যোগ প্রদর্শন করা হয়।

******************************

**SC declines to halt NEET UG 2024 :**

সুপ্রিমকোর্ট আজ NEET-UG 2024 কাউন্সেলিং প্রক্রিয়া স্থগিত করতে অস্বীকার করেছে এবং ন্যাশনাল টেস্টিং এজেন্সিকে নোটিশ পাঠিয়েছে। আদালত বিদ্যমান পিটিশনগুলির সাথে নতুন আবেদনগুলিকে একত্রিত করেছে এবং চৌঠা জুলাই শুনানির তারিখ নির্ধারণ করেছে। NTA-এর স্কোরকার্ড জমা দেওয়ার পরে NEET-UG পরীক্ষায় গ্রেস মার্ক দেওয়ার বিষয়টি ইতিমধ্যেই সুপ্রিমকোর্ট বাতিল করে দিয়েছে। ১৫৬৩ জন প্রার্থী, যাদের পরীক্ষার সময় নষ্ট হওয়ার কারণে গ্রেসমার্ক দেওয়া হয়েছিল, তাদের আগামী ২৩শে জুন পুনরায় পরীক্ষায় বসতে হবে।

****************************

**Congress :**

নিট এবং ইউজিসি-নেট পরীক্ষার দুর্নীতির অভিযোগ আজ আগরতলা শহরে প্রদেশ কংগ্রেসের উদ্যোগে বিক্ষোভ মিছিল সংগঠিত করা হয়। মিছিলে উপস্থিত ছিলেন বিধায়ক সুদীপ রায় বর্মণ, প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা।

**************************

**Seminar/KUMARGHAT :**

কুমারঘাটের পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউটে আজ বাল্যবিবাহ ও শিশু পাচার প্রতিরোধ বিষয়ে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। বক্তব্য রাখেন, কুমারঘাটের S.D.M এন,এস,চাকমা, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা,কুমারঘাটের মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডাঃ সুচরিত চাকমা প্রমুখ।

******************************

**5th anniversary of Emergency Blood Group :**

সোনামুড়া নগর পঞ্চায়েত অফিসের সভাগৃহে ইমার্জেন্সি ব্লাড গ্রুপের আজ ৫ম বর্ষপূর্তি ও সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। গ্রুপের ৩৯ বছর বয়সী সদস্য আনসার আলীকে সর্বোচ্চ ৫১ বার রক্ত দেওয়ার জন্য সংবর্ধিত করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সোনামুড়ার মহকুমা শাসক অরুপ দেব।

***************************

**State wise cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপের খেলায় আজ মোহনপুর জয়লাভ করেছে। নরসিংগড়ের পিটিএ মাঠে অনুষ্ঠিত খেলায় মোহনপুর ৩ উইকেটে সোনামুড়াকে হারিয়ে দেয়। এদিকে, প্লেট গ্রুপের একমাত্র খেলায় জিরানীয়া জয় পায়। মেলাঘরে অনুষ্ঠিত খেলায় জিরানীয়া ৩ রানে খোয়াইকে হারিয়ে দেয়।

*****************************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার দুটি খেলায় আজ বিবেকানন্দ ক্লাব ও ঐকতান যুব সংস্থা জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় বিবেকানন্দ ক্লাব ৮-০ গোলে উমাকান্ত কোচিং সেন্টারকে পরাজিত করে। বিজয়ী বিবেকানন্দ ক্লাবের পক্ষে জুয়েল দেববর্মা হ্যাট্রিক সহ চারটি গোল করে। এছাড়া একটি করে গোল করে বিপুল জমাতিয়া, পল্টু চৌধুরী, রাজ চন্দ্র জমাতিয়া ও জগৎ কিশোর জমাতিয়া। একই মাঠে অপর খেলায় ঐকতান যুব সংস্থা ৩-০ গোলে উমাকান্ত কোচিং সেন্টারকে হারিয়ে দেয়। ঐকতানের পক্ষে বওথাজ কুমার জমাতিয়া হ্যাটট্রিক করে।

********************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ বত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ

তাপমাত্রা ছিল চৌত্রিশ দশমিক দুই ডিগ্রি এবং সর্বনিম্ন পঁচিশ ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*****************************